



অনলাইনে জাতীয় পরিচয়পত্র সেবা কার্যক্রম

জাতীয় পরিচয়পত্র জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে
অনলাইনে সেবা কার্যক্রম চালু করেছে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ।
পোর্টাল: <https://services.nidw.gov.bd>

১ জাতীয় পরিচয়পত্রের চলমান সেবা সমূহ

- এস এম এস সেবা
- অনলাইন সেবা
- অন্যান্য সেবা

২ এস এম এস সেবা

নতুন ভোটার → এসএমএস → ১০৫ → জাতীয় পরিচয়পত্র নম্বর প্রাপ্তি → স্বাক্ষর, বীমা, মোবাইল ব্যাংকিং, সিং ক্রম বিক্রয় ইত্যাদি সেবা

এসএমএস প্রেরণের নিয়ম

- মোবাইলে মেসেজ অপশনে nid স্পেস Form Number স্পেস dd-mm-yyyy লিখে ১০৫ নম্বরে প্রেরণ করতে হবে
- ফিরতি এসএমএস এর আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর জানিয়ে দেয়া হবে
- উদাহরণ: 105 নম্বরে প্রেরণ করুন nid <Form no> <dd-mm-yyyy>
nid XXXXXXX 24-08-1992

সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক এনআইডি ডাটাবেজ হতে অনলাইনে ভেরিফিকেশন

৩ একনজরে জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত অনলাইন সেবা সমূহ

- অনলাইনে জাতীয় পরিচয়পত্রের কপি সংগ্রহ (ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন কিন্তু এনআইডি কার্ড পাননি)
- জাতীয় পরিচয়পত্র নম্বর সংগ্রহ
- জাতীয় পরিচয়পত্র সংশোধন ও তথ্য হালনাগাদকরণ
- হারানো জাতীয় পরিচয়পত্র উত্তোলনের আবেদন
- নতুন ভোটার নিবন্ধন

৪ হালনাগাদকৃত নতুন ভোটার

নতুন ভোটার → ভোটার পোর্টালে নিবন্ধন → জাতীয় পরিচয়পত্র কপি বা নম্বর প্রাপ্তি → স্বাক্ষর, বীমা, মোবাইল ব্যাংকিং, সিং ক্রম বিক্রয় ইত্যাদি সেবা

- ০২ মার্চ ২০২০ তারিখে সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকা প্রকাশিত হয়
- হালনাগাদে ৬৭,৫৮,৩৪১ জনসহ পরবর্তীতে নতুন নিবন্ধিত ভোটারের মধ্যে যারা কার্ড পাননি তারা অনলাইন কপি ডাউনলোড করতে পারবেন
- বায়োমেট্রিক যাচাই শেষে এনআইডি কপি বা নম্বর পাওয়া যাবে
- বৈধ ভোটার হলে এনআইডি কপি বা নম্বর পাওয়া যাবে না

সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক এনআইডি ডাটাবেজ হতে অনলাইনে ভেরিফিকেশন

৫ অনলাইনে জাতীয় পরিচয়পত্র নম্বর সংগ্রহ

যারা রেজিস্ট্রেশন করেছেন কিন্তু NID কার্ড পাননি তারা <https://services.nidw.gov.bd> website এ 'অন্যান্য তথ্যের' ট্যাবে গিয়ে NID নম্বর লিখে Form নম্বর ও DOB (Date of Birth) দিলে তার NID নম্বর পাবেন

৬ অনলাইনে জাতীয় পরিচয়পত্র কপি সংগ্রহ

- যারা NID নম্বর পেয়েছেন তারা online portal এ রেজিস্ট্রেশন করতে পারবেন
- রেজিস্ট্রেশন শেষে online portal এ login করতে পারবেন
- login এর পর আবেদনকারী তার এনআইডি প্রোফাইল এর সকল তথ্য দেখতে পারবেন
- ইতোপূর্বে কার্ড না পেলে পোর্টাল হতে NID copy সংগ্রহ করতে পারবেন

৭ জাতীয় পরিচয়পত্র সংশোধন ও হারানো জাতীয় পরিচয়পত্র উত্তোলনের আবেদন

- যে কোন নাগরিক তার হারিয়ে যাওয়া কার্ড প্রাপ্তি এবং তথ্য আপডেট করার জন্য প্রয়োজনীয় দলিলাদি সংযুক্ত করে online এ আবেদন করতে পারবেন
- Online portal এ আবেদনকারী আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবেন
- আবেদন অনুমোদিত হলে আবেদনকারী sms পাবেন এবং portal হতে পুনরায় NID copy সংগ্রহ করতে পারবেন
- সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ এনআইডি ডাটাবেজ হতে অনলাইনে ভেরিফিকেশন সম্পন্ন করতঃ সেবা প্রদান করতে পারবেন

৮ নতুন ভোটার নিবন্ধন

- যে সকল যোগ্য নাগরিক ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হননি, তারা অনলাইনে <https://services.nidw.gov.bd> ঠিকানায় নতুন ভোটার নিবন্ধনের আবেদন করতে পারবেন
- করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে সংশ্লিষ্ট নির্বাচন অফিসে এসে বায়োমেট্রিক দিয়ে রেজিস্ট্রেশন সম্পূর্ণ করবেন
- পরবর্তীতে তাদের আবেদন যাচাই বাছাই করে ভোটার তালিকায় অন্তর্ভুক্তি ও জাতীয় পরিচয়পত্র প্রদান করা হবে

৯ অন্যান্য সেবা

- জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের হেল্পলাইন (কল সেন্টার) ১০৫ নম্বরে ফোন করে সকাল ৯ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত সেবা পাওয়া যাবে
- সারাদেশে ৬৪ জেলায় ডাটা এন্ট্রি অপারেটরের মাধ্যমে নাগরিকদের সেবা প্রদান করা হবে

১০ বিস্তারিত জানতে ভিজিট করুন

<https://www.facebook.com/bd.nid>

ধন্যবাদ